রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১০, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১৩

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫ আশ্বিন ১৪১২/১০ অক্টোবর ২০০৫

এস. আর. ও নং ২৮৬-আইন/২০০৫।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা "জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)" এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "নায়েম" অর্থ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;



মূল্য ঃ টাকা ৬.০০

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে ; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ কর হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী বা প্রথম শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে, সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) The National Institute of Educational Administration, Extension and Research (Officers and Staff) Recruitment Rules, 1985 এতদ্বারা রহিত করা হইল।

(২) উপবিধি (১) অনুযায়ী উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও এই বিধিমালা জারীর অব্যবহিত পূর্ব পর্যন্ত উক্ত বিধি দ্বারা সম্পাদিত কার্যক্রম বৈধ বলিয়া গণ্য হইবে।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহাপরিচালক | .. | পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সমমানের পদ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে (Feeder Post) ৩(তিন) বছরের চাকুরী। |
| ২ | পরিচালক | .. | উপ-পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সমমানের পদ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে (Feeder Post) ৫(পাঁচ) বছরের চাকুরী। |
| ৩ | উপ-পরিচালক | .. | সহকারী পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সমমানের পদ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে (Feeder Post) ৭(সাত) বছরের চাকুরী। |
| ৪ | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সমমানের পদ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী।<br>(খ) স্বীকৃতিপ্রাপ্ত কলেজ/বিশ্ববিদ্যালয়/ট্রেনিং ইনস্টিটিউট পর্যায়ে ন্যূনপক্ষে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>(গ) বিএড/এমএড/এম ফিল অথবা পিএইচডি ডিগ্রীধারীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সাঁটলিপিকার/উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে (Feeder Post) ১০(দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। সরকারী বিধিবিধান ও অফিস ব্যবস্থাপনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৬ | গ্রন্থাগারিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সহকারী গ্রন্থাগারিকের পদ হইতে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে (Feeder Post) ১০(দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ | হিসাবরক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | হিসাবরক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** ফিডার পদে (Feeder Post) ১০(দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। |
| ৮ | সহকারী গ্রন্থাগারিক | অনূর্ধ্ব ৩০ বৎসর, বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ক্যাটালগার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** ফিডার পদে (Feeder Post) ৫(পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ন্যূনপক্ষে ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৯ | ক্যামেরাম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সংশ্লিষ্ট ক্ষেত্রে কারিগরি প্রশিক্ষণ/মুভি ক্যামেরা চালনা ও ফটো ডেভেলপিং-এ দক্ষতাসহ স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক অথবা সমমান পাস। |
| ১০ | সাঁটলিপিকার | No. S.R.O. 109L/78/ED/SWIII-3-18/78-128, dated 16-5-1978 নিয়োগ বিধি অনুসরণীয়। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১১ | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে (Feeder Post) ন্যূনতম ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী পাস। |
| ১২ | সাঁট-মুদ্রাক্ষরিক | No. S.R.O. 109L/78/ED/SWIII-3-18/78-128, dated 16-5-1978 নিয়োগ বিধি অনুসরণীয়। | | |
| ১৩ | ক্যাটালগার | অনূর্ধ্ব ৩০ বৎসর, বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | গ্রন্থাগার সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে (Feeder Post) ন্যূনতম ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী পাস অথবা এর সমমান, গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স এবং কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন। |
| ১৪ | অফসেট মেশিন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অফসেট মেশিন পরিচালনায় দুই বৎসরের অভিজ্ঞতাসহ স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে এসএসসি অথবা সমমান পাস। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৫ | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** ফিডার পদে (Feeder Post) ন্যূনতম ৬(ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতা। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬ | অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক | No. S.R.O. 243-L/94, dated 14-7-1994 নিয়োগ বিধি অনুসরণীয়। | | |
| ১৭ | গ্রন্থাগার সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর, বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা এর সমমান পাস, গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স এবং কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন। |
| ১৮ | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে বাণিজ্য বিষয়ে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক অথবা এর সমমান পাস। |
| ১৯ | রেকর্ড কীপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা এর সমমান পাস। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০ | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বৈদ্যুতিক কাজের লাইসেন্সসহ স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে এসএসসি অথবা সমমান পাস অথবা বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশন বোর্ড হইতে বৈদ্যুতিক ক্ষেত্রে দুই বছরের সার্টিফিকেট ট্রেড কোর্স। |
| ২১ | প্রজেক্টর অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | প্রজেক্টর চালনায় অভিজ্ঞতাসহ স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমান পাস। |
| ২২ | গাড়ীচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস ও বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। |
| ২৩ | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | এম,এল,এস,এস, পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে (Feeder Post) ন্যূনপক্ষে ৬(ছয়) বছরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে এসএসসি অথবা সমমান পাস। |
| ২৪ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | No. S.R.O. 243-L/94, dated: 14-7-1994 নিয়োগ বিধি অনুসরণীয়। | | |
| ২৫ | ডেসপ্যাচ রাইডার | No. S.R.O. 243-L/94, dated: 14-7-1994 নিয়োগ বিধি অনুসরণীয়। | | |
| ২৬ | বাবুর্চি | .. | সহকারী বাবুর্চিদের মধ্য থেকে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে (Feeder Post) ন্যূনতম ৩(তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৭ | বুক সর্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে এসএসসি অথবা সমমান পাস। |
| ২৮ | বুক বাইন্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে এসএসসি অথবা সমমান পাস। |
| ২৯ | নৈশ প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস, গার্ডের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩০ | হোস্টেল বেয়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। |
| ৩১ | সহকারী বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | রান্না-বান্নার কাজের বাস্তব অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। |
| ৩২ | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। |
| ৩৩ | এম.এল.এস.এস | No. S.R.O. 243-L/94, dated: 14-7-1994 নিয়োগ বিধি অনুসরণীয়। | | |
| ৩৪ | ঝাড়ুদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। পেশাদার সুইপারকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল আজিজ**, এনডিসি
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।